স্মারক নং-২৭.২২.৪৭৮৫.০০২.২৭.১০৪.২২-৩০৫৫

তারিখঃ ২২ নভেম্বর ২০২৩ খ্রিঃ
০৭ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ

## দপ্তরাদেশ

ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ (ওজোপাডিকো)-এ সহকারী প্রকৌশলীর শূন্য পদে শর্ত সাপেক্ষে নিম্নে বর্ণিত প্রার্থীগণকে চুক্তি ভিত্তিক নিয়োগ প্রদান করা হলোঃ

| ক্রম | রোল নং | নাম ও জন্ম তারিখ | পিতা ও মাতার নাম | বর্তমান ঠিকানা | স্থায়ী ঠিকানা |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৬ | ৫ |
| ১ | ২০৩৫৮ | তানিম আহমেদ<br>১৭/১০/১৯৯৬ | পিতাঃ মোঃ সামছুদ্দীন<br>মাতাঃ মোছাঃ আছিয়া খাতুন | গ্রাম- পান্টি<br>ডাকঘরঃ পান্টি<br>উপজেলা- কুমারখালী<br>জেলাঃ কুষ্টিয়া | গ্রাম- পান্টি<br>ডাকঘরঃ পান্টি<br>উপজেলা- কুমারখালী<br>জেলাঃ কুষ্টিয়া |
| ২ | ২০২১৬ | মোঃ আবু জোবায়ের আহম্মেদ<br>১৫/০৩/১৯৯৫ | পিতাঃ মোঃ আব্দুস ছালাম<br>মাতাঃ মোছাঃ লাইলী বেগম | গ্রাম- নওদাপাড়া<br>ডাকঘরঃ ভেড়ামারা<br>উপজেলা- ভেড়ামারা<br>জেলাঃ কুষ্টিয়া | গ্রাম- নেওয়াশী<br>ডাকঘরঃ নাগেশ্বরী<br>উপজেলা- নাগেশ্বরী<br>জেলাঃ কুড়িগ্রাম |
| ৩ | ৩০২৭৬ | মো: ওমর ফারুক<br>০৯/০৮/১৯৯৫ | পিতাঃ মো: কামাল উদ্দীন<br>মাতাঃ মোছা: ফিরোজা বেগম | গ্রাম- লাউপাড়া<br>ডাকঘরঃ একডালা<br>উপজেলা- বাগমারা<br>জেলাঃ রাজশাহী | গ্রাম- লাউপাড়া<br>ডাকঘরঃ একডালা<br>উপজেলা- বাগমারা<br>জেলাঃ রাজশাহী |
| ৪ | ৪০২০১ | মো: ইশতিয়াক জহুর<br>২৮/১০/১৯৯৭ | পিতাঃ মো: শাহাব উদ্দীন<br>মাতাঃ হাসিনা তারান্নুম | মাহবুব ভিলা (৫ম তলা)<br>বি.এড. কলেজ গেইট<br>কেবি আমান আলী রোড,<br>চকবাজার, চট্টগ্রাম। | গ্রাম-শাহারবিল<br>ডাকঘরঃ চকরিয়া<br>উপজেলা- চকরিয়া<br>জেলাঃ কক্সবাজার |

### সহকারী প্রকৌশলী পদে নিয়োগের শর্তাবলীঃ

১। আগামী ০৭/১২/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে ব্যবস্থাপনা পরিচালক, ওজোপাডিকো, খুলনা বরাবর ওজোপাডিকো'র নির্ধারিত ফরম-এ যোগদান পত্র দাখিল করতে হবে। নির্ধারিত সময়ে যোগদান না করলে নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

২। ওজোপাডিকো'র চাকুরী বিধি মোতাবেক ১ (এক) বছরের জন্য প্রবেশনে নিয়োগ প্রদান করা হলো। কর্তৃপক্ষ লিখিতভাবে প্রবেশনকাল বর্ধিত করতে অথবা প্রবেশনকাল সন্তোষজনক না হলে চাকুরীর অবসান ঘটাতে পারবে। প্রবেশনকাল সন্তোষজনক হলে প্রবেশনকালসহ পরবর্তীতে সর্বোচ্চ ৫(পাঁচ) বৎসরের জন্য চাকুরীর মেয়াদ বিবেচনা করা যেতে পারে। প্রবেশনকালে কারো চাকুরীর ক্ষেত্রে কোন ধরণের শৃঙ্খলাভঙ্গজনিত কার্যক্রম গৃহীত হলে বা তথ্যগত ত্রুটি/বিচ্যুতি পরিলক্ষিত হলে বা পুলিশ ভেরিফিকেশন সন্তোষজনক না হলে কিংবা কাজের ক্ষেত্রে কর্ম মূল্যায়ন সন্তোষজনক না হলে তার নিয়োগ তাৎক্ষণিকভাবে বাতিল বলে গণ্য হবে।

৩। ০১ (এক) বছর সময়ের মধ্যে চাকুরী বিধি অনুযায়ী সন্তোষজনক পুলিশী তদন্ত প্রতিবেদন না পাওয়া গেলে অথবা প্রতিবেদন অসন্তোষজনক হলে অথবা অন্যান্য পরীক্ষার সনদ মিথ্যা/ভুল প্রমাণিত হলে কোনরূপ কারণ দর্শানো ছাড়াই সংশ্লিষ্ট এমপ্লয়ীর নিয়োগ তাৎক্ষণিকভাবে বাতিল বলে গণ্য হবে।

৪। যোগদানের সময় কোন সিভিল সার্জনের নিকট হতে শারীরিক সুস্থতা (ডোপ টেস্টসহ) সম্বন্ধীয় একটি সার্টিফিকেট দাখিল করতে হবে (উক্ত সার্টিফিকেটে ডোপ টেস্টের বিষয়টি পজেটিভ অথবা নেগেটিভ তা সুস্পষ্টভাবে উল্লেখ থাকতে হবে)।

৫। যোগদানপত্রের সাথে ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ৪ কপি পাসপোর্ট সাইজের ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত ফটোকপি এবং জাতীয় পরিচয় পত্রের ফটোকপি দাখিল করতে হবে।

৬। বেতন ও ভাতাদিঃ

| | | | |
|---|---|---|---|
| (ক) | বেতন স্কেল | : | ৫১,০০০/= (একান্ন হাজার টাকা)। |
| (খ) | বার্ষিক বেতন বৃদ্ধির হার | : | নিজ নিজ বেতন গ্রেডের মূল বেতনের ৪% হারে প্রাপ্য হবেন। |
| (গ) | বাড়ী ভাড়া ভাতা | : | খুলনা এবং বরিশাল সিটি কর্পোরেশন এলাকায় নিজ নিজ বেতন মালার মূল বেতনের ৫০% এবং অন্যান্য এলাকার জন্য ৪০% হারে। |
| (ঘ) | চিকিৎসা ভাতা | : | চিকিৎসাপত্র ও ভাউচার দাখিল সাপেক্ষে বছরে সর্বোচ্চ ২ (দুই) টি মূল বেতনের সমপরিমান অর্থ চিকিৎসা ব্যয় প্রতিপূরণ প্রাপ্য হবেন। |
| (ঙ) | যানবাহন ভাতা | : | ওজোপাডিকো'র বেতন কাঠামো অনুযায়ী। |
| (চ) | অন্যান্য ভাতা | : | ওজোপাডিকো'র বেতন কাঠামো অনুযায়ী (প্রযোজ্য ক্ষেত্রে)। |
| (ছ) | আয়কর | : | এমপ্লয়ীকে নিজ আয়কর পরিশোধ করতে হবে। |

চলমান-২



CamScanner

| | | | |
|---|---|---|---|
| ৭। | উৎসব বোনাস | : | প্রতি বৎসর মূল বেতন অনুযায়ী ২(দুই) টি উৎসব বোনাস প্রদান করা হবে। মূল বেতনের ২০% নববর্ষ ভাতা প্রাপ্য হবেন। |
| ৮। | ইনসেনটিভ বোনাস | : | ওজোপাডিকো'র চাকুরী বিধি মোতাবেক। |
| ৯। | ছুটি | : | ওজোপাডিকো'র চাকুরী বিধি মোতাবেক। |
| ১০। | প্রভিডেন্ট ফান্ড | : | ওজোপাডিকো'র চাকুরী বিধি মোতাবেক। |
| ১১। | গ্রাচ্যুইটি | : | ওজোপাডিকো'র চাকুরী বিধি মোতাবেক। |
| ১২। | গ্রুপ ইনস্যুরেন্স | : | নিয়োগ-চুক্তির তারিখ / দিন হতে গ্রুপ ইন্স্যুরেন্স পলিসি- এর আওতায় নিয়োগকালীন সময়ের মধ্যে দূর্ঘটনা জনিত কারণে অক্ষমতা অথবা মৃত্যুর জন্য জীবনবীমা করা হবে (গ্রুপ ইনস্যুরেন্স পলিসি এর শর্ত মোতাবেক সুবিধা প্রদান করা হবে)। |
| ১৩। | চাকুরীর অবসান | : | ওজোপাডিকো'র চাকুরী বিধি মোতাবেক। |
| ১৪। | চাকুরীতে ইস্তফা | : | ওজোপাডিকো'র চাকুরী বিধি মোতাবেক। |
| ১৫। | সার্ভিস বেনিফিট | : | ওজোপাডিকো'র চাকুরী বিধি মোতাবেক। |
| ১৬। | চাকুরীর শর্ত সংশোধন/পরিবর্তন | : | উপরে উল্লিখিত নিয়োগ ও সার্ভিস বেনিফিট সংক্রান্ত যে কোন শর্ত কোম্পানির বিধির আওতায় অথবা কোন ভুল তথ্যের কারণে প্রয়োজন হলে পরিবর্তন, সংশোধন ও বাতিল করার ক্ষমতা কোম্পানি সংরক্ষণ করে। |

১৭। ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ (ওজোপাডিকো)-এর ভৌগোলিক এলাকার যে কোন দপ্তরে পদস্থ করলে চাকুরী করতে বাধ্য থাকতে হবে।

১৮। কোম্পানির চাকুরী বিধির সমুদয় শর্ত মেনে চলতে এবং কোম্পানি কর্তৃক সময়ে সময়ে সংশোধিত শর্তও মেনে চলতে বাধ্য থাকতে হবে। ওজোপাডিকো'র চাকুরী বিধি, অন্যান্য বিধিমালা/নীতিমালা ও সময়ে সময়ে জারীকৃত আদেশসমূহ মেনে উল্লিখিত শর্তাবলীতে চাকুরী করতে সম্মত আছেন মর্মে এ নিয়োগপত্রের একটি কপিতে স্বাক্ষর করে সম্মতি প্রকাশ করতে হবে।

নির্দেশক্রমে,

২২/১১/২৩

মোঃ আলমগীর কবীর
মহাব্যবস্থাপক (প্রশাসন)
ওজোপাডিকো, খুলনা।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১.চেয়ারম্যান, পরিচালনা পর্ষদ, ওজোপাডিকো।
২.ব্যবস্থাপনা পরিচালক, ওজোপাডিকো, খুলনা।
৩.নির্বাহী পরিচালক (পরিচালন/পিএন্ডডি/প্রশাসন/অর্থ) ওজোপাডিকো, খুলনা।
৪.প্রধান প্রকৌশলী, (ইএসসিএস/ওএন্ডএম/পিএন্ডডি)/মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ), ওজোপাডিকো, খুলনা।
৫.কোম্পানি সচিব/তত্ত্বাবধায়ক প্রকৌশলী/প্রকল্প-পরিচালক/উপ-মহাব্যবস্থাপক.............................।
৬.নির্বাহী প্রকৌশলী, ওজোপাডিকো ট্রেনিং ইন্সটিটিউট, ওজোপাডিকোলিঃ, খুলনা।
৭.নির্বাহী প্রকৌশলী, সিস্টেম এনালিস্ট, ওজোপাডিকো, খুলনা।
৮.অফিস কপি।

প্রার্থী কর্তৃক নিয়োগের শর্তাবলীতে সম্মত মর্মে স্বাক্ষর

(-------------------------------------------------------)



CamScanner